গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-২
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং ৩২.০০.০০০০.০৫৭.১৪.০২২.১৮-১৫০ তারিখ:-১১ /০৭/২০১৯ খ্রি:

বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে বিগত ০২/০৭/২০১৯ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

(জগদীশ চন্দ্র দেবনাথ)
উপসচিব
☎ ৯৫৭০৬৫৭।
dev2mowca@hotmail.com

**বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** :

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।

২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।

৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা (দৃ: আ: ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।

৪। যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। উপসচিব (প্রশিক্ষণ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপসচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। উপপ্রধান (পরিকল্পনা),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা (দৃ: আ: মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার)।

৯। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

**অনুলিপি** :

অতিরিক্ত সচিব (উন্ন:ও পরি:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-২
পরিবহন পুল ভবন
বাংলাদেশ সচিবালয় লিংক রোড,ঢাকা।

বিষয়: **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের ০২/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব শেখ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)।
সভার তারিখ : ০২ জুলাই ২০১৯
সময় : বিকাল ০৩.০০ ঘটিকায়
স্থান : অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।

উপস্থিতি :

১) জনাব গাজীউদ্দিন মোহাম্মদ মনির (প্রশাসন), যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২) জনাব জগদীশ চন্দ্র দেবনাথ, উপসচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩) জনাব ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট ও অডিট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪) জনাব তাহমিনা সুলতানা, উপপরিচালক (উপসচিব), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৫) জনাব মো: ইনামুল হক, প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬) জনাব হাসিনা আখতার খানম, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৭) জনাব মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে সম্যক ধারনা প্রদান করেন। তিনি আরও জানান, ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তৈরী করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সংক্রান্ত। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ হতে মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ ছকপত্র; অধিদপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ ছকপত্র মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৯-২০২০ জারি করা হয়েছে। এ বছর উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উক্ত নির্দেশিকা ও মূল্যায়ন কাঠামো অনুসরন করা জরুরী। সভায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা এর মূল বিষয়াদি উপস্থাপন করা হয়। সভাকে অবহিত করা হয় যে, নির্দেশিকায় উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে পরিকল্পনা প্রণয়ন হতে শুরু করে উদ্ভাবনী উদ্যোগের প্যালেটিং ও শোকেসিং এবং তা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় সকলকে নির্দেশিকাগুলো ভালভাবে পড়ে আয়ত্ত করার অনুরোধ জানান। | "ইনোভেশন টিম এর সদস্যগণ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইট হতে উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৯-২০২০ এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৯-২০২০ ডাউনলোড করে তা পড়বেন। |
| ২. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯ - ২০২০ প্রণয়ন সংক্রান্ত। | ২. সভাপতি জানান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ আগামী ৪ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে প্রণয়ন করে হার্ডকপি ও সফটকপি প্রেরনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের পত্র রয়েছে। সে আলোকে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাকে তাদের খসড়া পরিকল্পনা প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা খসড়াসহ সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হয়েছিল। উপস্থিত দপ্তর/সংস্থার | ২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর খসড়া অনুমোদনের সুপারিশ করা হয়। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | প্রতিনিধিগণ স্ব-স্ব দপ্তর/সংস্থার পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। আলোচনাক্রমে খসড়াগুলো চূড়ান্ত করা হয়। আলোচনা অনুযায়ী খসড়া সংশোধন করে চূড়ান্ত কপি মন্ত্রণালয়ে প্রেরনের উপর গুরুত্ব আরোপ করা হয়। দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার আলোকে মন্ত্রণালয়ে খসড়া উদ্ভাবন পরিকল্পনা চূড়ান্ত করা হয়। | ২.২ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরনে এ মন্ত্রণালয়ের সহযোগী সংস্থাসমূহ নির্ধারিত সময়ে স্ব স্ব সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরন করবে। |
| ৩. প্রস্তুতকৃত ইনোভেশন সমূহের শোকেসিং সংক্রান্ত। | ৩. সভায় মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি জানান তাদের ১২টি ইনোভেশন আইডিয়া-শোকেসিং হয়েছে। শিশু একাডেমির প্রতিনিধি জানান, তাদের ২টি এবং জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি জানান, তাদরে ৬টি ইনোভেশন আইডিয়া রয়েছে, কিন্তু শোকেসিং হয়নি। জয়িতা ফাউন্ডেশনের প্রতিনিধি না থাকায় কোন তথ্য পাওয়া যায়নি। সকলের আলোচনাক্রমে সভাপতি জানান, যে সকল দপ্তর/সংস্থার ইনোভেশন হয়নি অথবা ইনোভেশন শোকেসিং হয়নি তাদের অনতিবিলম্বে ইনোভেশন আইডিয়া প্রস্তুত করে শোকেসিং এর ব্যবস্থা নিবেন। এ ব্যাপারে এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয় দপ্তর/সংস্থাকে পত্র দিবেন। | ৩.১ সকল দপ্তর/সংস্থা ইনোভেশন উদ্যোগ গ্রহন করে তা প্রস্তুত করত: শোকেসিং এর ব্যবস্থা গ্রহন করবে।<br><br>৩.২ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা দপ্তর/সংস্থাকে ইনোভেশন আইডিয়া প্রস্তুত পূর্বক ~~করার~~ শোকেসিং এর জন্য পত্র দিবেন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
ও
চিফ ইনোভেশন অফিসার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।